



খাগড়াছড়ি অশান্তির পেছনে ফ্যাসিস্টদের হাত: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, হিন্দু ধর্মালম্বীদের দুর্গাপূজা বাধাগ্রস্ত করতে ফ্যাসিস্টরা খাগড়াছড়ি অশান্ত করার চেষ্টা করেছে। তিনি জানান, সরকারের পক্ষ থেকে কঠোর ব্যবস্থা নেওয়া হবে, যদিও বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

শারদীয় দুর্গাপূজাকে কেন্দ্র করে খাগড়াছড়িকে অশান্ত করার পেছনে ফ্যাসিস্ট চক্র সক্রিয় ছিল বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী।

মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) সচিবালয়ে খাগড়াছড়ি পরিস্থিতি নিয়ে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, “হিন্দু ধর্মালম্বীরা যাতে স্বাভাবিকভাবে পূজা উদযাপন করতে না পারে, সে উদ্দেশ্যে ফ্যাসিস্টরা অস্থিতিশীল পরিবেশ তৈরির চেষ্টা করেছে। তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে।”

তিনি আরও জানান, বর্তমানে খাগড়াছড়িতে শান্ত পরিস্থিতি বিরাজ করছে এবং আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে।

উল্লেখ্য, টানা তৃতীয় দিনের মতো খাগড়াছড়ি জেলায় ১৪৪ ধারা বলবৎ রয়েছে। শহরে প্রবেশ ও প্রস্থানপথে তল্লাশি জোরদার করা হয়েছে। যদিও জুম্মা ছাত্র-জনতার অবরোধ সাময়িক শিথিল হয়েছে, তবুও অভ্যন্তরীণ ও দূরপাল্লার যান চলাচল বন্ধ রয়েছে।